# রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল শিগগিরই ঘোষণা: ইসি মাছউদ



ইসি মাছউদ। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করায় আগামী ৯০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হবে। এ পরিস্থিতিতে রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল শিগগিরই ঘোষণা করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ।

তিনি বলেন, সংবিধানের ১২৩ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতির পদ শূন্য হওয়ার পরবর্তী ৯০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন সম্পন্ন করতে হবে। রাষ্ট্রপতি নির্বাচন আইন-১৯৯১ অনুযায়ীও নির্ধারিত সময়ের মধ্যে এ নির্বাচন আয়োজনের বিধান রয়েছে।

বাংলাদেশের সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার দায়িত্ব নির্বাচন কমিশনের। জাতীয় সংসদের ৩৫০ জন সংসদ সদস্যই রাষ্ট্রপতি নির্বাচনের ভোটার হিসেবে বিবেচিত হন।

ইসি সূত্রে জানা গেছে, রাষ্ট্রপতি নির্বাচনের জন্য সংসদ সদস্যদের ভোটার তালিকা প্রস্তুত করা হবে। এরপর প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচনের তফসিল ঘোষণা করবে নির্বাচন কমিশন।

LENS ASIA